

H: অভিবাসীদের প্রতি ন্যায়বিচারের জন্য আহ্বান

SH: আইন প্রয়োগকারী সংস্থার টার্গেটে পরিণত হওয়া অভিবাসীদের কাছ থেকে ফোনকল গ্রহণের জন্য মিশিগান ইমিগ্র্যান্ট পুলিশ মিসকনডাক্ট হটলাইনের নতুন ACLU প্রস্তুত রয়েছে

লিখেছেন রামিস ওয়াদুদ ও মনিকা আন্দ্রাদে

মিশিগানের অভিবাসীরা প্রায়শই পুলিশ কর্মকর্তা ও ইমিগ্রেশন এজেন্টদের হাতে নিপীড়ন ও বৈষম্যের শিকার হন। গত বছর প্রকাশিত আমাদের যুগান্তকারী প্রতিবেদন [সীমান্তের দীর্ঘ ছায়া](#)-তে যেমনটা উল্লেখ করা হয়েছে, ফেডারেল অভিবাসন সংস্থাগুলো প্রতিনিয়ত অভিবাসীদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করতে এবং তাদের পরিবার ও কমিউনিটিগুলোর মধ্যে বিভেদ সৃষ্টি করতে স্থানীয় ও স্টেট পুলিশ কর্মকর্তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে থাকে। এসব স্থানীয় ও ফেডারেল সংস্থা একসাথে মিলে অভিবাসন আইন বাস্তবায়নের এমন এক জটিল জাল বুনেছে যা স্টেটের প্রতিটি কোণায় ভয়ের এক সংস্কৃতি গড়ে তুলেছে। বহু বছর ধরে চলে আসা বর্ণবাদী প্রকাশভঙ্গী, অভিবাসন-বিরোধী নীতিমালা, এবং পুলিশের অতিরিক্ত কর্তৃত্ব জাহির করা পরিস্থিতি কেবল খারাপের দিকেই নিয়ে গেছে।

মিশিগানের ACLU এখন এই নিত্যদিনের সহিংসতা, বৈষম্য, ও নজরদারিতা মোকাবেলার জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ করছে: পুলিশের অসদাচরণের শিকার হওয়া অভিবাসী ভুক্তভোগীদের সম্মুখীন হওয়া নিপীড়ন ও হয়রানি লাঘবের ক্ষেত্রে তাদের প্রতিনিধিত্ব করার জন্য নিবেদিত একটি প্রকল্প চালু করছে। এই প্রকল্পের অংশ হিসেবে, আমরা ইমিগ্র্যান্ট পুলিশ মিসকনডাক্ট হটলাইন (313-208-7048) চালু করেছি যা অভিবাসনগত অবস্থার কারণে পুলিশি সহিংসতা, বৈষম্য, বা নজরদারিতার শিকার হওয়ার ঘটনা সম্পর্কে ACLU-এর কাছে রিপোর্ট করতে চাওয়া যেকোনো মিশিগানবাসীর জন্য লভ্য থাকবে। প্রদানকৃত সব তথ্য গোপন রাখা হবে।

উপশিরোনাম: আমরা চারটি ভাষায় 24/7 সহায়তা প্রদান করি।

যেসব সরকারি রেকর্ডকে আমরা আমাদের প্রতিবেদনের ভিত্তি হিসেবে গ্রহণ করেছিলাম সেগুলো পর্যালোচনা করার সময় আমরা বার বার দেখেছি যে কিভাবে আইন প্রয়োগকারী সংস্থার সকল পর্যায়ে অশ্বেতাপ্ত ব্যক্তিদের প্রতি ভিন্নরকম আচরণ করা হচ্ছে। অশ্বেতাপ্ত অভিবাসীদের, যাদের মধ্যে অনেকেই দীর্ঘ সময় ধরে স্টেটের বাসিন্দা, সব রকমের বেআইনি কারণে টার্গেট করা হয়েছে। লোকজনকে তাদের গাভবর্ণের কারণে নিয়মিতভাবে রাস্তায় থামানো হচ্ছিল, যেখানে অফিসাররা বর্ণবাদী দৃষ্টিভঙ্গি নিয়ে গাড়ি থামানো আড়াল করার জন্য প্রচলিত বিভিন্ন অজুহাত ব্যবহার করছিলেন। একটি ঘটনায়, শ্রমিকদের একটি দলকে ম্যাকডোনাল্ডে সকালের নাস্তা করার সময় আটক করা হয় এবং জিজ্ঞাসাবাদ করা হয় শুধু এই কারণে যে তারা স্প্যানিশ ভাষায় কথা বলছিলেন। বিভিন্ন অভিবাসী কমিউনিটিতে থাকা আমাদের বন্ধু-বান্ধবের সাথে কথা বলে আমরা আরো জানতে পেরেছি যে কিভাবে যুক্তরাষ্ট্রের সীমান্ত টহল বাহিনী কেবল স্কুল বা উপাসনার স্থানগুলোর কাছাকাছি চিহ্নিত গাড়িতে বসে থেকেই জনমনে ত্রাস সৃষ্টি করতে পারে।

আরবি, বাংলা, স্প্যানিশ ও ইংরেজি-এই চারটি ভাষায়-সহায়তা প্রদানকারী মিশিগানের ACLU দ্বারা পরিচালিত এই হটলাইন দিনের 24 ঘন্টা, সপ্তাহে সাত দিন খোলা থাকবে। ফোন কলকারী ব্যক্তির আইন প্রয়োগকারী সংস্থার সাথে কী সমস্যার সম্মুখীন হচ্ছেন তার বিবরণ দিয়ে একটি মেসেজ রাখার জন্য তাদেরকে বলা হবে। আমরা সে মেসেজ শুনে যত দ্রুত সম্ভব সাড়া প্রদান করবো।

যদি আমরা সরাসরি সাহায্য করার জন্য সম্মত হই, তাহলে সেটি খুব সম্ভবত পরামর্শমূলক প্রচেষ্টা হবে যেমন কোনো কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ দায়ের করা অথবা কোনো আইন প্রয়োগকারী সংস্থার নীতিমালা পরিবর্তনের জন্য উপর সেটির চাপ প্রয়োগ করা। কখনো কখনো এর ফলাফল হতে পারে শুধুই দুঃখ প্রকাশ করা। অন্যান্য ক্ষেত্রে আর্থিক ক্ষতিপূরণ পাওয়া যেতে পারে অথবা বিভাগের নীতিমালায় পরিবর্তন আসতে পারে। যদি আমরা বুঝতে পারি যে আমরা সরাসরি সাহায্য করতে পারবো না, তাহলে আমরা অন্তত কলকারী ব্যক্তিদেরকে তাদের উদ্বেগগুলো মোকাবেলার জন্য আরো উপযুক্ত অন্যান্য সংস্থানের দিকনির্দেশনা দিতে পারবো বলে আশা রাখি।

উপশিরোনাম পুলিশ অভিযোগের প্যাটার্ন ট্র্যাক করা

ইমিগ্র্যান্ট পুলিশ মিসকনডাক্ট হটলাইনের আরেকটি উদ্দেশ্য রয়েছে: স্টেটব্যাপী আইন প্রয়োগকারী সংস্থার অনুশীলনসমূহ পরিবর্তন করার অপেক্ষাকৃত বিস্তৃত লক্ষ্য নিয়ে, সংগৃহীত তথ্য একত্রিত করার মাধ্যমে আমরা নির্দিষ্ট পুলিশ বিভাগ অথবা আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে নিপীড়নের প্যাটার্নগুলো শনাক্ত করতে পারবো।

হটলাইনের সাথে হওয়া সকল যোগাযোগ কঠোরভাবে গোপনীয় থাকবে। আমরা ফোন কলকারী ব্যক্তির নাম, অভিবাসনগত অবস্থা, অথবা অন্যান্য ব্যক্তিগত তথ্য ACLU-এর বাইরের কারো সাথে শেয়ার করবো না, যদি না কলকারী ব্যক্তি কোনো অভিযোগের সাথে অথবা অন্য কোনো পদক্ষেপের সাথে তাদের নাম সংযুক্ত করতে সম্মতি প্রদান করেন।

নিপীড়নকারী পুলিশ এজেন্সিগুলোর বিরুদ্ধে লড়াই করার মাধ্যমে, এই প্রকল্প মিশিগানের অভিবাসী কমিউনিটিগুলোর মধ্যে নিরাপত্তা ও আস্থা পুনরুদ্ধার করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছে।